



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd  
ঢাকা



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.৩৮০

তারিখ: ৩ আষাঢ়, ১৪২৮  
১৭ জুন ২০২১

### অফিস আদেশ

সরকারি গোলাম হায়দার খান মহিলা কলেজ, শরীয়তপুর-এর অধ্যক্ষ প্রফেসর মোঃ রেজাউল করিম পদায়নজনিত কারণে ২৩-০৩-২০২১ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের জ্যেষ্ঠ কর্মকর্তা ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা: সংযুক্ত, সরকারি গোলাম হায়দার খান মহিলা কলেজ, শরীয়তপুর) জনাব মোহাম্মদ সমীর উদ্দিন ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন এবং অধিদপ্তরের ০১/০৪/২০২১ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩৮১ সংখ্যক অফিস আদেশ মোতাবেক আর্থিক ক্ষমতাপ্রাপ্ত হন। কিন্তু জেলা হিসাবরক্ষণ অফিস কর্তৃক তাকে আয়ন-ব্যয়ন কর্মকর্তার কার্যসম্পাদনে অস্বীকৃত জানান এবং শরীয়তপুর জেলা হিসাবরক্ষণ অফিস থেকে বেতন-ভাতাদি উত্তোলন করেন এমন পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা-কে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদানের মতামত প্রদান করেন। সে প্রেক্ষিতে আর্থিক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ সমীর উদ্দিন ৩১/০৫/২০২১ তারিখে দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা জনাব এইচ এম আকতার হোসেন (আইডি নং-১৪৩৪৯) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন এবং আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে জনাব এইচ এম আকতার হোসেন (আইডি নং-১৪৩৪৯)-কে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২. কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রাথমিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভিলিয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৭-৬-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক


নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.৩৮০/১

তারিখ: ৩ আষাঢ়, ১৪২৮  
১৭ জুন ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) জনাব মোহাম্মদ সমীর উদ্দিন, সরকারি গোলাম হায়দার খান মহিলা কলেজ, শরীয়তপুর;
- ৫) জনাব এইচ এম আকতার হোসেন (আইডি নং-১৪৩৪৯), সরকারি গোলাম হায়দার খান মহিলা কলেজ, শরীয়তপুর;
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৭) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ৮) সংরক্ষণ নথি।



১৭-৬-২০২১

মোহাম্মদ দেলোয়ার হোসেন

সহকারী পরিচালক